



বিএসএমএমইউ-এর লোকাল এরিয়া নেটওয়ার্ক বিষয়ে চুক্তি সম্পাদিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর লোকাল এরিয়া নেটওয়ার্ক (ল্যান) বিষয়ে ফ্লোরা লি.-এর সাথে একটি চুক্তি সম্পাদিত হয়। বিএসএমএমইউ-এর পক্ষে স্বাক্ষর করেন সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল। এতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আল হারুন, পরিচালক (মানবসম্পদ) ডা. মোঃ জামাল উদ্দিন খলিফা, পরিচালক (আইটি) এ আর আযিমুল হক রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।



কক্লিয়ার ইমপ্ল্যান্ট সার্জারি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

শিশুসহ শ্রবণ প্রতিবন্ধীদের চিকিৎসার জন্য দিনব্যাপী ৬ষ্ঠ কক্লিয়ার ইমপ্ল্যান্ট সার্জারি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ ৩০ ডিসেম্বর ২০১৭, শনিবার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে প্রধান অতিথি হিসেবে কর্মশালায় উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. শারফুদ্দিন আহমেদ। একই সাথে তিনি ২ দিনব্যাপী ৭ম কক্লিয়ার ইমপ্ল্যান্ট অডিওলজি বিষয়ক কর্মশালারও উদ্বোধন করেন। এ বিশ্ববিদ্যালয়ের কক্লিয়ার ইমপ্ল্যান্ট প্রোগ্রামের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোর্স ডিরেক্টর নাক, কান ও গলা বিভাগের অধ্যাপক ডা. মোঃ আবুল হাসনাত জোয়ারদার, বিদেশী ফ্যাকাল্টি ডা. এম ভি কির্তনে (kirtane), এ বিশ্ববিদ্যালয়ের নাক, কান ও গলা বিভাগের অধ্যাপক ডা. এএইচএম জহিরুল হক সান্দু, অধ্যাপক ডা. নাসিমা আক্তার, অধ্যাপক ডা. মোঃ দেলোয়ার হোসেন, সহযোগী অধ্যাপক ডা. কানু লাল সাহা ও ডা. অসীম কুমার বিশ্বাস প্রমুখ।